গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুজিব শতবর্ষ MUJIB 100

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

# সমবায়ের সাফল্যগাথা



## সমবায় অধিদপ্তর

আগারগাঁও, ঢাকা

# সমবায়ের
# সাফল্যগাথা






নিবন্ধন নং : ৮৯৮
তারিখ : ২০/০১/২০১৫ খ্রি.
সদস্য সংখ্যা : ৩৮৯ জন
শেয়ার মূলধন : ৫,০১,৮০০ টাকা।
সঞ্চয় আমানত : ১৪,০৭,০০৩ টাকা।
কার্যকরী মূলধন : ৪৫,৯৫,৭৯১ টাকা।
ঋণ বিতরণ ২,৭৮,৯৬,০০০ টাকা।

# বড়গাছি মহিলা সমবায় সমিতি লিমিটেড

উপজেলা : পবা
জেলা : রাজশাহী

২০১৫ সালের ২০ জানুয়ারি মাসে পবা উপজেলা সমবায় অফিস হতে ২০ জন সদস্য নিয়ে বড়গাছী মহিলা সমবায় সমিতি লিমিটেড নামে রেজিস্টেশন নিয়ে বড়গাছী মহিলা সমবায় সমিতির যাত্রা শুরু। ওয়েভ ফাউন্ডেশন ও হেইফার ইন্টারন্যাশনাল এর আর্থিক সহায়তায় এবং সদস্যদের সঞ্চয় ও শেয়ার নিয়ে মূলধন শুরু হয়। শুরুতে যার পরিমাণ ছিল ২৮,৪০০ টাকা। ওয়েভ ফাউন্ডেশন ও হেইফার ইন্টারন্যাশনাল এর আর্থিক সহায়তায় মূলধন হয় ২৩,৫৬,২০৭ টাকা। এই মূলধন সদস্যদের মধ্যে ১৫% লাভে বিভিন্ন উৎপাদনমুখী ও আয়বর্ধনমূলক কাজে ঋণ সহায়তা প্রদান করে মূলধনের ব্যবহার করা হয়ে থাকে। সমিতি মূলত নিম্ন বর্ণিত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়ন করে চলেছে :

- উৎপাদনমুখী কর্মকাণ্ডে আর্থিক সেবাদান।
- উপকারভোগীর মধ্যে ছাগল ও গরুর নিয়মিত বিভিন্ন ধরনের টিকা প্রদান করা।
- উপকারভোগীর মধ্যে উন্নত পদ্ধতিতে ছাগল পালনে উদ্বুদ্ধকরণ ও প্রশিক্ষণ দেওয়া।
- উপকারভোগীর মধ্যে উন্নত পদ্ধতিতে গরু পালনে উদ্বুদ্ধকরণ ও প্রশিক্ষণ দেওয়া।
- গরুর গোবরকে কেচোঁর মাধ্যমে জৈব সার (ভার্মি কম্পোস্ট) তৈরিতে উদ্বুদ্ধকরণ ও প্রশিক্ষণ দেওয়া।
- বিভিন্ন উৎপাদন প্রকল্পে সহজ শর্তে ঋণ প্রদান করা হয়।
- সদস্যদের উৎপাদিত পণ্য (বিশেষ করে গরু ও ছাগল) মার্কেট লিংকের মাধ্যমে বাজারজাত করতে সহায়তা করা।
- অর্জিত মুনাফা সমবায় আইন-বিধির আলোকে সদস্যদের শেয়ার ও সঞ্চয়ের ভিত্তিতে বণ্টন করা।
- সজিনা কাটিং ও ফলদ গাছ বিতরণ ও বনজ গাছ রোপণে উদ্বুদ্ধকরণ।
- সদস্য ও তাদের পরিবারের স্বাস্থ্য ও শিক্ষা নিশ্চিতকরণে সমিতির পক্ষ থেকে সহযোগিতা প্রদান করা।
- সদস্যদেরকে পরিবার পরিকল্পনা সম্পর্কে সঠিক ধারণা প্রদান করা এবং বহুবিবাহ, বাল্যবিবাহ, যৌতুক সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।

**সদস্য সংখ্যা ও বিভিন্ন কর্মসূচি**

সমিতির শুরুতে সদস্য সংখ্যা ছিল ২০ জন। সদস্য সংখ্যা দিনদিন বৃদ্ধি পেয়ে বর্তমান সদস্য সংখ্যা ৩৮৯ জন। সমিতির বিভিন্ন আর্থিক ও সামাজিক কর্মকাণ্ডের সাথে সদস্যগণ সম্পৃক্ত রয়েছে। দুই কক্ষ বিশিষ্ট একটি বাড়ি সমিতির অফিস হিসেবে ভাড়া নেয়া হয়েছে। সমিতি সদস্যদের কাছে শেয়ার বিক্রি ও সঞ্চয় আমানত গ্রহণের মাধ্যমে পুঁজি গঠন পূর্বক নিজস্ব মূলধন থেকে সদস্যদের উৎপাদনমুখী বিভিন্ন ট্রেডে ঋণ প্রদানের মাধ্যমে সদস্যদের স্বাবলম্বী করা সমিতির উল্লেখযোগ্য একটি কর্মসূচি। তাছাড়া শিক্ষা, স্বাস্থ্য, বাসস্থান, সামাজিক বিভিন্ন বিধি-নিষেধ মেনে চলা ইত্যাদি সামাজিক উন্নয়নমূলক কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে।

**বিগত বছরগুলোর উল্লেখযোগ্য কর্মকাণ্ড**

বড়গাছী মহিলা সমবায় সমিতি লিমিটেড সদস্যদেরকে বিভিন্ন ধরনের প্রশিক্ষণের




ব্যবস্থা করে থাকে। যেমন: উন্নত প্রাণী ও সম্পদ ব্যবস্থাপনা, মূল্যবোধ বিষয়ক প্রশিক্ষণ ও কারিগরি প্রশিক্ষণ (যেমন বুটিক, কুটিরশিল্প)। তাছাড়া এই সমিতি মাঁচা পদ্ধতিতে ছাগল পালন, কেঁচো কমপোস্ট সার তৈরির জন্য বিনা লাভে ঋণ সহায়তা দিয়ে থাকে। এ পর্যন্ত মূল্যবোধ বিষয়ক প্রশিক্ষণ ২৪০ জন, উন্নত প্রাণী ও সম্পদ ব্যবস্থাপনা প্রশিক্ষণ ১৩০ জনকে, কেঁচো কমপোস্ট সার তৈরির প্রশিক্ষণ ৩০ জনকে, বুটিক প্রশিক্ষণ ৫ জনকে, আর্থিক ব্যবস্থাপনা ৮ জনকে, দ্বন্দ্ব নিরসন ব্যবস্থাপনা প্রশিক্ষণ ১০ জনকে দেওয়া হয়েছে। কর্ম এলাকায় ৮৩ জন সদস্য কেঁচোর মাধ্যমে জৈব সার তৈরি করে নিজেদের জমিতে প্রয়োগ ও বিক্রয় করছে। ছাগলের পিপিআর ৯৫০টি ও গরুর ক্ষুরা, তড়কা, বাদলা ২৫০টি প্রাণী টিকা প্রদান করা হয়েছে। সদস্যদের আর্থিকভাবে উন্নত করার জন্য এ পর্যন্ত গরু মোটাতাজাকরণ প্রকল্পে ১,১৬,৭৯,০০০ টাকা ৪১৪ জনকে, ছাগল পালন প্রকল্পে ২৮,৯৬,০০০ টাকা ১৫৩ জনকে ও সবজি চাষ প্রকল্পে ১,৩৪,১১,০০০ টাকা ৫১০ জনকে ঋণ সহায়তা করা হয়। করোনা মহামারিতে বিভিন্ন সময়ে ১৩৫ জন অসহায় দরিদ্র মানুষের মাঝে মোট ৬৬,১৩৫ টাকার ত্রাণ বিতরণ করেছে।

**অডিট সম্পর্কিত তথ্য**

সমিতি প্রতি অর্থবছর শেষ হওয়ার সাথে সাথে হিসাব বিবরণী ও শেয়ার, সঞ্চয় ও পাওনা কর্জের বিস্তারিত তালিকা প্রস্তুত পূর্বক অডিট অফিসারের সাথে যোগাযোগ পূর্বক সমিতির অডিট করে নেয়। অডিট সম্পাদনের ষাট দিনের মধ্যে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে অডিট নোটের সংশোধনী দাখিল করা হয়ে থাকে। ফলে সমিতির কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়।

**যেভাবে সফল হলো**

বড়গাছী মহিলা সমবায় সমিতি লিমিটেড সদস্যদেরকে বিভিন্ন ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে যেমন- উন্নত প্রাণী ও সম্পদ ব্যবস্থাপনা, মূল্যবোধ বিষয়ক প্রশিক্ষণ ও কারিগরি প্রশিক্ষণ (যেমন বুটিক, কুটিরশিল্প)। তাছাড়া এই সমিতি মাঁচা পদ্ধতিতে ছাগল পালন, কেঁচো কমপোস্ট সার তৈরির জন্য বিনা লাভে ঋণ সহায়তা দিয়ে থাকে। এ পর্যন্ত মূল্যবোধ বিষয়ক প্রশিক্ষণ ২৪০ জন, উন্নত প্রাণী ও সম্পদ ব্যবস্থাপনা প্রশিক্ষণ ১৩০ জনকে, কেঁচো কমপোস্ট সার তৈরির প্রশিক্ষণ ৩০ জনকে বুটিক প্রশিক্ষণ ৫ জন আর্থিক ব্যবস্থাপনা ৮ জন দ্বন্দ্ব নিরসন ব্যবস্থাপনা প্রশিক্ষণ ১০ জনকে দেওয়া হয়েছে। সমিতির কর্ম এলাকায় ৮৩ জন সদস্য কেচোঁর মাধ্যমে জৈব সার তৈরি করে নিজেদের জমিতে প্রয়োগ ও বিক্রয় করছে। ছাগলের পিপিআর ৯৫০টি ও গরুর ক্ষুরা, তড়কা, বাদলা ২৫০টি প্রাণীটিকা প্রদান করা হয়েছে। সদস্যদের আর্থিকভাবে উন্নত করার জন্য ২০১৫-১৬ হতে ২০১৮-২০১৯ ইং অর্থবছর পর্যন্ত গরু মোটাতাজাকরণ প্রকল্পে- মোট ৪১৪ জনকে ১,১৬,৭৯,০০০ টাকা, ছাগল পালন প্রকল্পে ২৮৯৬০০০ টাকা ১৫৩ জনকে ও সবজি চাষ প্রকল্পে ১,৩৪,১১,০০০ টাকা ৫১০ জনকে ঋণ সহায়তা করা হয়।

বিভিন্ন জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দিয়ে সাথে ঋণ সহায়তা করা হয়। ফলে সমিতির সদস্যগণের স্বকর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। এতে সমিতির এলাকায় জনগণের অর্থ নৈতিক উন্নয়নে বিপ্লব ঘটেছে। এছাড়া সমিতির সদস্য এবং তাদের পরিবারের মা ও শিশুর জন্য স্থানীয় ডাক্তার দ্বারা চিকিৎসার ব্যবস্থা করা হয়ে থাকে। বৃক্ষরোপণের কর্মসূচি হিসেবে প্রত্যেক সদস্যকে দুইটি করে লেবু গাছের চারা ও সজিনা কাটিং সমিতির খরচে প্রদান করা হয়েছে। গরিব অসহায় মেয়েদের বিয়েতে আর্থিক সহযোগিতা করা হয়ে থাকে। করোনাকালীন কর্মহীন ১৩৫টি পরিবারে মোট ৬৬,১৫০ টাকা মূল্যের খাদ্যদ্রব্য ত্রাণ হিসেবে বিতরণ করেছে। সমিতির আর্থসামাজিক কর্মকাণ্ড সমিতির এলাকায় প্রসংশিত হচ্ছে।